# শিবচর উপজেলা পরিষদের ২০২৪ সনের ৪র্থ (এপ্রিল) মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৩-৫-২০২৪ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ জনাব আব্দুল্লাহ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর** সভার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৭-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি বলেন যে, হাসপাতালে ৫০ শয্যা থেকে ১০০ শয্যার কার্যক্রম চলমান আছে। হাসপাতালে মেডিক্যাল অফিসারের তীব্র সংকট দেখা দিয়েছে। ২৫জন চিকিৎসকের মধ্যে মাত্র ০৭জন চিকিৎসক রয়েছে। হাসপাতালে ডাক্তার পদায়নের জন্য অধিদপ্তর/ মন্ত্রণালয়ে যোগাযোগ করা হচ্ছে। হাসপাতালে টেলিমেডিসিন সেবা চালু হয়েছে। বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসদের দ্বারা টেলিমেডিসিনের মাধ্যমে রোগী দেখানো যাবে। তিনি আরও জানান যে, হাসপাতালে দালালদের দৌরাত্ব নির্মূলে জিরো টলারেন্স নীতি অবলম্বন করা হচ্ছে। কিন্তু তাদের দৌরাত্ব সম্পূর্ণরূপে নির্মূলে উপজেলা প্রশাসনের সহযোগিতা তিনি কামনা করেন। এছাড়া তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ২৫/৩/২০২৪ তারিখে ডিজিটাল পদ্ধতিতে লাইভস্টক হাউজহোল্ড সার্ভে কার্যক্রম শেষ হবে। তিনি আরো বলেন যে, মার্চ মাসে ৪১০৫টি গবাদী পশুর এবং ৯৩০০০টি হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে। ৬টি উঠান বৈঠক ও ৬টি খামার পরিদর্শন করা হয়েছে। এছাড়া গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান ,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঘ) **এল.জি.ই.ডি বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর সভাকে জনান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) " সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থ বৎসরে "বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায় ৪র্থ কিস্তিতে ২২,১৮,০০০.০০ (বাইশ লক্ষ আঠার হাজার টাকা) বরাদ্দ পাওয়া যায়। সে অনুযায়ী চলতি অর্থ বৎসরের ২৩,৫৯,৩৪০.০০ (তেইশ লক্ষ উনষাট হাজার তিনশত চল্লিশ টাকা) মাত্র এর ০১ (এক) টি স্কীম/০১ (এক) টি প্যাকেজ গ্রহন করে দ্রুত বাস্তবায়নের নিমিত্তে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)" তে দরপত্র আহবান করা হয়েছে। স্কীমটি নিম্নরুপ ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | প্রাক্কলিত মুল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিবচর উপজেলাধীন বহেরাতলা দক্ষিণ ইউনিয়নের নূর-ই আলম চৌধুরী কলেজ এর বাউন্ডারী ওয়াল এবং (খ) নূর-ই আলম চৌধুরী কলেজে প্রবেশের মেইন গেট নির্মাণ কাজ | ১৮,৯৮,৯০৪.৯৫ | |
| | | ৪,৬০,৪৩৫.০৫ | |
| | মোট= | ২৩,৫৯,৩৪০.০০ | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি এর ২০২৩-২৪ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায়** জরুরী ভাবে ০১ (এক) টি স্কীম সমূহের প্রস্তুতকৃত প্রাক্কলন গুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সেহেতু, বর্ণিত উল্লেখিত স্কীমটির কাজ দ্রুত বাস্তবায়নের স্বার্থে সীমিত দরপত্র পদ্ধতি (**এলটিএম**)" তে ইতিমধ্যেই দরপত্র আহবান করা হয়েছে, সেহেতু, উক্ত স্কীমের কাজটি দ্রুত বাস্তবায়নের নিমিত্তে আহবানকৃত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ বাস্তবায়ন, ঠিকা চুক্তি, কার্যাদেশ প্রদানসহ ঠিকাদারের চুড়ান্ত প্রস্তুত করতঃ প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের বরাদ্দকৃত** অর্থ থেকে **সর্বমোট টা=২৩,৫৯,৩৪০.০০(তেইশ লক্ষ উনষাট হাজার তিনশত চল্লিশ টাকা)** মাত্র ঠিকাদারের চুড়ান্ত বিলের পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নের** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

(ঙ) **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(চ) **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা ২৪/৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। শিক্ষকদের এনটিআরসিএ শূণ্য পদের চাহিদা চলমান আছে। তিনি বলেন যে, ষষ্ঠ-১২ ও সমমান শ্রেণীর জুলাই- ডিসেম্বর /২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ এইচএসপি- এমআইএস সফটওয়্যারের বিদ্যমান "নগদ " ও ব্যাংক হিসাবধারী ব্যতিত অন্যান্য সকল উপকারভোগীর 'নগদ হিসাব' খোলার পর উপবৃত্তির অর্থ বিতরণ করা হবে। তিনি আরোও বলেন যে, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান খেলোয়ার বাছাই মাদারীপুর জেলার স্টেডিয়ামে ২২ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ছ) **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, জাটকা নিধন হতে জেলেদের নিবৃত রাখার জন্য এপ্রিল ও মে মাসের ভিজিএফ এর চাল উপজেলা পর্যায়ে বরাদ্দের কার্যক্রম চলমান রয়েছে। নতুন ৪৬৬ টি জেলে কার্ড এসেছে। এপ্রিল/২৪ মাসে বিতরণের প্রস্তুতি চলছে। তিনি আরও বলেন যে, জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪ সফল ভাবে সম্পন্ন করা হয়েছে। একই সাথে জাটকা সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ইলিশ প্রকল্পের আওতায় বিকল্প কর্মসংস্থানের উপকরণ সংগ্রহ ও বিতরণের প্রস্তুতি চলছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে শিবচর উপজেলায় অতিরিক্ত বয়স্ক ভাতার ২১১ জন ও বিধবা ভাতার ১২০ জনের বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩ সালে ১০ আগস্ট হতে ১০ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। তিনি বলেন যে, অনলাইনে বয়স্ক ভাতার জন্য ৩৭৯১ জন ও বিধবা ভাতার জন্য ৩৮৯১ জন আবেদন করে। প্রাপ্ত বিভাজন অনুসারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে চিঠি প্রদান করা হয়েছে এবং দ্রুত তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, ০৯ মার্চ শিবচর পৌরসভার ০৯ নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। ০২ মার্চ ভোটার দিবস উপলক্ষে র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত র‌্যালী ও আলোচনা সভায় তিনি সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, মার্চ মাসে মোট সক্ষম দম্পতি ৫৯৮৯১ জন। মোট গ্রহণকারী ৪৮৩২১ জন। তিনি বলেন যে, সকল ইউনিয়নে অস্থায়ী পদ্ধতির কনডম কার্যক্রম বৃদ্ধি বিশেষ করে খাবার বড়ি ও ইনজেকশনের ক্লাইন্ট বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরও বলেন যে, মা শিশু স্বাস্থ্য সেবা যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব করাতে এবং বাড়ীতে প্রসব না করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এছাড়া তার বিভাগে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম**, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচরে বিদ্যুতের বর্তমানের চাহিদা অনুযায়ী লোড বরাদ্দ পাওয়া যাচ্ছে। আপাতত লোড সেডিং নাই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, ঋণ বিতরণ ১৩.৪৫ কোটি টাকা, ঋণ আদায় হয়েছি ১৩.৪১ কোটি টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণ ১.৫১ কোটি টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, গ্রামীন অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা এর অগ্রগতি হার ৭০%। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ টি.আর অগ্রগতির হার ৭২%। মুজিব কেল্লা অগ্রগতির হার ৩৫%। জাইকার অগ্রগতির হার ৮৭%। এছাড়া অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ও টিসিবির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর বলেন যে, বর্তমান ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত গভীর ও অগভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে যুব প্রশিক্ষণ ও যুব ঋণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের আওতায় বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত এবং মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, বিভিন্ন শীতকালীন ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ চলমান রয়েছে। দ্বিতীয় পর্ব দগগুচ্ছ জরিপ কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন তৈরী কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, মসজিদের ইমাম সাহেবদেরকে পর্যায়ক্রমে ইমাম প্রশিক্ষণের আওতায় এনে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা যেতে পারে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র)উপজেলা আইসিটি অফিস** :সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে এবং ইউপি চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

**(ল) উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ**উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বিবিধ আলোচনা ঃ-১ "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)"** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি অর্থ বৎসরে **"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)"** প্রকল্পের আওতায় এর ২০২১-২২ অর্থ বৎসরের গৃহীত ০২ (দুই) টি স্কীম অগ্রাধিকার ভিত্তিতে গ্রহন করে তা বাস্তবায়ন লক্ষ্যে ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। সে মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদক্রমে দরপত্র আহবান করে উহা বাস্তবায়নের নিমিত্তে নির্বাচিত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ পত্র প্রদান করা হয়। যাহা নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | প্যাকেজ নং | স্কীমের নাম ও প্যাকেজ নং | নির্বাচিত ঠিকাদারের নাম ও ঠিকানা | অনুমোদিত বাজেট(ভ্যাট ও আয়কর ব্যতীত) (টাকা) | ঠিকাদারের চুক্তি মূল্য অনুযায়ী কার্যাদেশ প্রদান (ভ্যাট ও আয়কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | ওঘখ-২০২১-২২-৩০৫৪৮৭-০১ | মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদের জন্য ১ (এক)টি এ্যাম্বুলেন্স ক্রয় ও সরবরাহ কাজ। | মেসার্স লাভলু ট্রেডার্স শিবচর, মাদারীপুর | ৩০০০০০০.০০ | ৩৩৫১৫০০.০০ |
| ০২ | ওঘখ-২০২১-২২-৩০৫৪৮৭-০২ | মাদারীপুর জেলার শিবচর উপজেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের জন্য চিকিৎসা সরঞ্জাম ক্রয় ও সরবরাহ কাজ। | নিউভিশন সাইন্টিফিক কোম্পানী, ওয়ারী, ঢাকা | ১০০০০০০.০০ | ১০২০০০০.০০ |
| | | | মোট= | ৪০০০০০০.০০ | ৪৩৭১৫০০.০০ |

এমতাবস্থায়, উক্ত স্কীম সমূহ সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক যথাযথভাবে স্পেসিফিকেশন অনুযায়ী বাস্তবায়ন করেছেন এবং সে মোতাবেক চূড়ান্ত বিল দাখিল করেছেন। সে মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল প্রদানের প্রয়োজনী ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি অর্থ বৎসরে **"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)"** প্রকল্পের আওতায় এর ২০২১-২২ অর্থ বৎসরের গৃহীত ০২ (দুই) টি স্কীম সমূহের চূড়ান্ত বিল প্রস্তুত ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উপরোক্ত স্কীম সমূহের চূড়ান্ত বিল ০২ (দুই)টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন এবং অর্থ বরাদ্দের প্রাপ্তির লক্ষ্যে চূড়ান্ত বিলসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনায়** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্ত** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নে** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর।

**বিবিধ আলোচনা-০৩ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনায়** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের হালনাগাদ মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তাগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নে** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ ঃ** উপজেলা রিসোর্স সেন্টারঃ উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর বলেন যে, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সভাপতি বলেন যারা এখনও উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প ও এডিপি প্রকল্পের কাজ এখনও শেষ করতে পারেননি তারা দ্রুত কাজ শেষ করে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদার / সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৪- তারিখঃ -৫-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ............................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান ........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব ............................................... শিবচর, মাদারীপুর।

১২। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।